

# হাইসাওয়া

হাইজিন, স্যানিটেশন এন্ড ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম

হাইসাওয়া

# পরিচিতি

হাইজিন, স্যানিটেশন এন্ড ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম (হাইসাওয়া) স্থানীয় সরকার বিভাগের অধীনে একটি স্বায়ত্তশাসিত ও অলাভজনক প্রতিষ্ঠান। এটি বাংলাদেশ কোম্পানি আইন, ১৯৯৪ এর ২৮ ধারা অনুসারে নিবন্ধিত। ২০০৭ সালে যাত্রা শুরু করা এই প্রতিষ্ঠানটি বাংলাদেশের গ্রামীণ ও দুর্গম এলাকাসমূহে স্বাস্থ্যবিধি, উন্নত স্যানিটেশন ও নিরাপদ পানি সরবারহ সেবা নিশ্চিতকরণে ইউনিয়ন পরিষদকে সহায়তা প্রদান করে চলছে। বাংলাদেশ সরকার, ডেনমার্ক, অস্ট্রেলিয়া, জার্মানী ও সুইজারল্যান্ড সরকারের আর্থিক অনুদানে এ পর্যন্ত ১০০০-এরও অধিক ইউনিয়ন পরিষদে হাইসাওয়া এই কার্যক্রম পরিচালনা করেছে।

স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয় পদাধিকার বলে হাইসাওয়া গভর্নিং বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। ১৪-সদস্যের এই বোর্ডে আরও রয়েছেন স্থানীয় সরকার বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও অর্থ বিভাগের একজন করে অতিরিক্ত সচিব, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী, নাগরিক সমাজের বিশিষ্ট তিনজন প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মনোনীত ইউনিয়ন পরিষদের তিনজন চেয়ারম্যান এবং দাতা সংস্থার প্রতিনিধিগণ। এই গভর্নিং বোর্ডের আটজনই সরকারি প্রতিনিধি হওয়ায় হাইসাওয়ার নীতি নির্ধারণ ও পরিচালনা বিষয়ক সিদ্ধান্ত গ্রহণে তাদের বিশেষ ভূমিকা রয়েছে।



# আমাদের উদ্দেশ্য

ইউনিয়ন পরিষদের মাধ্যমে স্থানীয় জনগণের জন্য নিরাপদ পানির স্থাপনা তৈরি করা।

স্থানীয় জনগণের স্বাস্থ্যসম্মত আচরণ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন নিশ্চিত করা।

ইউনিয়ন পরিষদ সমূহের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি, এবং তাদের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করা।



# আমাদের কর্মক্ষেত্র



সুশাসন



কর্মদক্ষতা বৃদ্ধি ও ক্ষমতায়ন



উন্নত স্বাস্থ্যবিধি ও স্যানিটেশন



নিরাপদ পানি



জেন্ডার সমতা ও অন্তর্ভূক্তি



জলবায়ু পরিবর্তন অভিযোজন

# এসডিজি বাস্তবায়নে আমাদের প্রয়াস






# আমাদের অর্জন

- প্রায় **৯০ লাখ** গ্রামীণ জনগণকে স্বাস্থ্যকর আচরণ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি সম্পর্কে সচেতন করেছি।
- জনসমাগম স্থলে, বিদ্যালয়ে ও পরিবারভিত্তিক **৪,০০০** উন্নত ল্যাট্রিন নির্মাণ অথবা সংস্কার করেছি।
- **৮০,০০০** নিরাপদ পানির উৎস স্থাপন করেছি, যা থেকে প্রায় **৪০ লাখ** মানুষ উপকৃত হচ্ছে।
- **১,১০০** ইউনিয়ন পরিষদকে অর্থ সহায়তা প্রদান করেছি।
- প্রায় **২০,০০০** ইউনিয়ন পরিষদ প্রতিনিধি ও কর্মীদের কর্মদক্ষতা উন্নয়ন বিষয়ক সহায়তা দিয়েছি।

# স্বাস্থ্যসম্মত জীবন যাপন
# সর্বত্র, সর্বক্ষণ

অনুদান প্রদানে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Ministry of Foreign Affairs of Denmark
DANIDA International Development Cooperation

Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra

Swiss Agency for Development
and Cooperation SDC

AUSTRALIA

German Embassy
Dhaka

Deutsche Botschaft
Dhaka

ACTION AGAINST HUNGER


বাড়ি - ২৩, রোড - ১১৩/এ
গুলশান ২, ঢাকা - ১২১২

info@hysawa.org
+৮৮ (০২) ৫৫০৪৯৬৮৯-৯০
০১৭১১৪৯৭২৯২

www.hysawa.com
www.facebook.com/hysawa
www.linkedin.com/company/hysawa